C. S. (MAIN) EXAM, 2009

Sl. No. 113

D–DTN–J–CFA

# BENGALI

## Paper–I

**( Literature )**

| Time Allowed : Three Hours | Maximum Marks : 300 |
| --- | --- |

## INSTRUCTIONS

**Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any THREE of the remaining questions, selecting at least ONE question from each Section.**

**The number of marks carried by each question is indicated at the end of the question.**

**Answers must be written in Bengali.**

## Section—A

1. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো তিনটির উত্তর দিন (প্রতিটির প্রত্যাশিত শব্দসংখ্যা *200*) : 20×3=60

   *(a)* প্রাচীন ভারতীয়-আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস বিবৃত করুন।

   *(b)* প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক লক্ষণগুলির পরিচয় দিন।

   *(c)* বাংলা শব্দভাণ্ডারের 'আগন্তুক' অর্থাৎ দেশি ও বিদেশি শব্দগুলির একটি শ্রেণিকৃত তালিকা প্রস্তুত করুন।

   *(d)* স্বরসঙ্গতির প্রভাবে বাংলা শব্দে কয় প্রকারে স্বরধ্বনির পরিবর্তন ঘটতে দেখা যায়, উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

2. বাংলা ভাষার সাধু ও চলিত রীতির পরিচয় দিয়ে উভয় রীতির বৈশিষ্ট্য ও পার্থক্য দৃষ্টান্তসহ নির্দেশ করুন। 60

3. বাংলায় বহুবচনের পদ কয় প্রকারে নিষ্পন্ন হয় তা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 60

4. যে কোনো **পাঁচটির** টীকা লিখুন : 12×5=60

নাসিক্যীভবন ; অসমাপিকা অনুসর্গ ; প্রাতিপদিক ; মৌলিক কাল ; তদ্ধিতান্ত শব্দ ; বাক্যাংশ সমাস।

## Section—B

5. নিম্নলিখিত প্রশ্নগুলির মধ্যে যে কোনো **তিনটির** উত্তর দিন : 20×3=60

(a) মধ্যযুগের বাংলা কাব্যসাহিত্যের আলোকে বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের অভিনবত্ব ও স্বাতন্ত্র্য নির্ণয় করুন।

(b) বাংলা মঙ্গলকাব্যধারায় 'মনসামঙ্গল' কাব্যের বৈশিষ্ট্য নির্দেশ করে এই ধারার যে কোনো *একজন* কবির কৃতিত্ব বিচার করুন।

(c) ষোড়শ শতাব্দীকে বৈষ্ণব পদসাহিত্যের স্বর্ণযুগ বলা হয় কেন তা নির্ধারণ করুন।

(d) ঊনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্যে প্রতিফলিত আধুনিকতার লক্ষণগুলি চিহ্নিত করুন।

6. ঊনবিংশ শতাব্দীতে আবির্ভূত মহিলা কবিদের দানে বাংলা সাহিত্য কতটা সমৃদ্ধ হয়েছে তা নির্ণয় করুন। 60

7. দীনবন্ধু মিত্রের নাট্যপ্রতিভার স্বরূপ নির্ণয় করে বাংলা নাট্যসাহিত্যে তাঁর দানের গুরুত্ব বিচার করুন। 60

8. বাংলা উপন্যাসের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব বিচার করুন। 60

★ ★ ★